মেহেরপুর প্রতিদিন পরিদর্শন করলেন ডিএফপির কর্মকর্তারা

মেহেরপুর জেলার জনপ্রিয় পত্রিকা মেহেরপুর প্রতিদিন কার্যালয় পরিদর্শন করেছেন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের (ডিএফপি) কর্মকর্তারা।

গতকাল বৃহস্পতিবার বিকেলে ডিএফপির উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) মোহাম্মদ রাশেদুজ্জামানের নেতৃত্বে তিন সদস্যের একটি দল এ পরিদর্শন কাজে অংশ নেন। অন্যদের মধ্যে ডিএফপির পরিদর্শক এনামুল হক ও অডিটর আব্দুল মান্নান উপস্থিত ছিলেন।

এ সময় তারা মেহেরপুর প্রতিদিনের নিউজরুম, স্টুডিও ও সম্পাদকীয় কক্ষ পরিদর্শন করেন। একই সঙ্গে মেহেরপুর প্রতিদিনের স্টাফদের সঙ্গে পত্রিকার বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন, বিভিন্ন রেজিস্টার পরিদর্শন করেন এবং বার্ষিক নিরীক্ষা সম্পন্ন করেন।

পরিদর্শনকালে উপপরিচালক মেহেরপুর প্রতিদিনের অবকাঠামো, অফিস ব্যবস্থাপনা এবং নিয়মিত পত্রিকা প্রকাশের জন্য প্রশংসা করেন।

পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রমে সহযোগিতা করেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন ও ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু। এ সময় মেহেরপুর প্রতিদিনের যুগ্ম বার্তা সম্পাদক সাকিব হাসান রুদ্র, সার্কুলেশন ম্যানেজার ইয়াসির ইউসুফ ইমন, গ্রাফিক্স ডিজাইনার রাফি হাসান এবং স্টাফ রিপোর্টার পলাশ আহমেদ উপস্থিত ছিলেন।